



প্রেস-রিলিজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে

‘বাঙলার স্থপতি’-শীর্ষক গ্রন্থের উপর আলোচনা সভা অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৯ মে ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ‘বাঙলার স্থপতি’-শীর্ষক গ্রন্থের উপর এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। ০৯ মে ২০২৩ তারিখ সকাল ১১ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ সভাটি অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রের আয়োজনে অনুষ্ঠিত এ সভায় প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, ‘তরুণ প্রজন্মকে মুক্তিযুদ্ধ ও তৎপরবর্তী সঠিত ইতিহাস জানতে হবে। তাদের কাছে এবিষয়ে সঠিক তথ্য তুলে দেয়ার দায়িত্ব আমাদের। তরুণরা যখন এবিষয়ে প্রকৃত জ্ঞান অর্জন করবে তখনই তারা সঠিকভাবে তা উপলব্ধি করতে পারবে যা তাদের মাঝে মূল্যবোধ সৃষ্টিতে সহায়তা করবে।’ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে আরও বক্তব্য রাখেন কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। সভায় মূখ্য আলোচক ছিলেন ‘বাঙলার স্থপতি’-শীর্ষক গ্রন্থের প্রণেতা বিশিষ্ট লেখক ও গবেষক অ্যালভীন দীলিপ বাগ্চী। ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক জ্যোতির্ময় বিশ্বাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দ, সুধীজনসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার বাহাউদ্দিন গোলাপ।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ. দা.)

জনসংযোগ অফিস